

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : DSE-B-1

(দেশভাগ ও বাংলা সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটির নামকরণের তাৎপর্য আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটির প্রেক্ষাপটে দেশভাগ ও দাঙ্গার যে ভয়াবহ বর্ণনা রয়েছে, তা সংক্ষেপে পর্যালোচনা করো। ১০
- ২। (ক) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' গল্পে লেখিকা জ্যোতির্ময়ী দেবীর কলমে দুর্গার জীবনের আতঙ্ক ও অসহায়তার কথা যেভাবে চিত্রিত হয়েছে তা নিজের ভাষায় লেখো। ১০
- অথবা,
- (খ) মানিক বন্দ্যোপাধ্যায়ের 'ছেলেমানুষি' গল্পটির সাহিত্যমূল্য বিচার করো। ১০
- ৩। (ক) অন্নদাশঙ্কর রায়ের 'খুকু ও খোকা'-র অন্তর্নিহিত বক্তব্যটি নিজের ভাষায় লেখো। ১০
- অথবা,
- (খ) 'পূর্ব-পশ্চিম' কবিতায় পূর্ববাংলা এবং পশ্চিমবাংলার ভিন্ন সংস্কৃতির মধ্যে 'একসুর এক আকাশের' মেলবন্ধন করেছেন কবি। — আলোচনা করো। ১০
- ৪। (ক) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে অমলা ও কমলা চরিত্র দুটির প্রয়োজনীয়তা আলোচনা করো। ৫
- অথবা,
- (খ) অতীন বন্দ্যোপাধ্যায় চিত্রিত শামসুদ্দিন চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। (ক) 'পালঙ্ক' গল্পের শুরুতে যে চিঠির প্রসঙ্গ রয়েছে, তা গল্পের কাহিনীতে কতটা গুরুত্ব পেয়েছে, সংক্ষেপে লেখো। ৫
- অথবা,
- (খ) 'করণকন্যা' গল্পে অরুন্ধতীর পরিণতি সংক্ষেপে লেখো। ৫

Please Turn Over

৬। (ক) সীমানার দাগে দাগে জমাট রক্তের দাগ—

কালনেমী করে লক্ষা ভাগ।

— কোন কবিতার অংশ? কবি কে? উদ্ধৃতাংশের তাৎপর্য লেখো।

১+১+৩

অথবা,

(খ) ‘তোমাকে বলেছিলাম, যত দেরিই হোক,

আবার আমি ফিরে আসব

— কোন কবিতার অংশ? কবি কে? উদ্ধৃতাংশের তাৎপর্য লেখো।

১+১+৩

৭। (ক) ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসে জোটন পিরসাহেবের চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

৫

অথবা,

(খ) প্রফুল্ল রায়-এর ‘রাজা আসে রাজা যায়’ গল্পটির বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

৫

অথবা,

(গ) সুনীল গঙ্গোপাধ্যায়ের ‘ধাত্রী’ কবিতায় ‘এক হেঁজিপেজি বাহাতুরে বুড়ি কোথায়, কেন, কীভাবে স্থান পেয়েছে?

৫

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

(ক) ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসে শামসুদ্দিনের মেয়ের নাম কী?

(খ) বেকার যুবক রঞ্জিত কাকে ভালোবেসে গ্রাম থেকে বিতাড়িত হয়?

(গ) বড়বাড়ির হাতির মাছতের নাম কী?

(ঘ) ফেলু শেখের স্বভাবে কী দোষ ছিল?

(ঙ) ‘রাজা আসে রাজা যায়’ গল্পে বৈকুণ্ঠ সাহা কে?

(চ) ‘ছেলেমানুষি’ গল্পে চিত্রায়িত দুটি শিশুচরিত্রের নাম লেখো।

(ছ) ‘ছেলেমানুষি’ গল্পে কোন সামাজিক ঘটনার অভিঘাতে নাসিরুদ্দিন ও তারাপদর দীর্ঘদিনের সৌহার্দ্য নষ্ট হতে চলেছিল?

(জ) নীরেন্দ্রনাথ চক্রবর্তী-র ‘তোমাকে বলেছিলাম’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঝ) “আমার মুখে অন্তহীন আত্মলাঞ্ছনার ক্ষত”— কোন কবিতা থেকে উদ্ধৃতাংশটি গৃহীত? কবি কে?

(ঞ) “আমারা যেন বাংলাদেশের / চোখের দুটি তারা”— কোন কবিতার অংশ? কবি কে?

(ট) বিষ্ণু দে-র ‘জল দাও’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঠ) ‘এখানে তো শাঁখের করাতে / দিনগুলি কেটে যায় করাতের দাঁতে।’— কোন কবিতার অন্তর্গত? কবি কে?

(ড) ‘ড্রেসিংটেবিল’ গল্পে মূল চরিত্রটির নাম লেখো।

(ঢ) ‘করণকন্যা’ গল্পে সুবিমলের বোনের নাম কী?

(ণ) খলাকর্তা কোন গল্পের চরিত্র?